# ফেব্রুয়ারি ২০২২ মাসে অনুষ্ঠিত বিরামপুর উপজেলা পরিষদ সাধারণ সভার কার্যবিবরণী।

সভাপতি ঃ মোঃ খায়রুল আলম
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
বিরামপুর, দিনাজপুর।

তারিখ ঃ ২৪.০২.২০২২ খ্রি.

সময় ঃ বেলাঃ ১১.০০ মিনিট

স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ।

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যগণের তালিকা ঃ পরিশিষ্ট 'ক' ও 'খ'

সভাপতি জনাব মোঃ খায়রুল আলম, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরামপুর, দিনাজপুর উপস্থিত সবাইকে শুভেচ্ছা জানিয়ে উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর, দিনাজপুরকে সভার কার্যক্রম শুরু করার জন্য অনুরোধ করেন।

উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর, দিনাজপুর উপস্থিত সবাইকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

**আলোচ্যসূচিঃ ০১ গত সভার কার্যবিবরণী পঠন ও অনুমোদনঃ**

জানুয়ারি ২০২২ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনানো হয় এবং কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় জানুয়ারি ২০২২ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীর সাথে সদস্যগণ একমত পোষন করেন।

**সিদ্ধান্তঃ ০১** বিস্তারিত আলোচনান্তে জানুয়ারি ২০২২ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়।

**আলোচ্যসূচিঃ ০২ উপজেলা পরিষদের সুপারিশকৃত আলোচনাঃ**

আলোচ্য সময়ে উপজেলা পরিষদের স্থায়ী কমিটির কোন সুপারিশ পাওয়া যায়নি। উপজেলা পরিষদের স্থায়ী কমিটির সদস্য সচিবগণকে নিয়মিত সভা করে সভার কার্যবিবরণী সুপারিশসহ সভাপতি বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হয়।

**সিদ্ধান্তঃ০২** বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের স্থায়ী কমিটির সদস্য সচিবগণকে নিয়মিত সভা করে সভার কার্যবিবরণী সুপারিশসহ সভাপতি বরাবর প্রেরণের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

**আলোচ্য সূচিঃ ০৩ সরকারি পরিপত্র নিয়ে আলোচনাঃ**

আলোচ্য সময়ে সরকারি কোন পরিপত্র পাওয়া যায়নি।

**সিদ্ধান্তঃ ০৩** সরকারি কোন পরিপত্র পাওয়া গেলে যথাসময়ে উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।

**আলোচ্যসূচিঃ ০৪ মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১১-দিনাজপুর-৬ কর্তৃক প্রেরিত সুপারিশ সম্পর্কিত আলোচনাঃ**

আলোচ্য সময়ে মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১১-দিনাজপুর-৬ কর্তৃক কোন সুপারিশ পাওয়া যায়নি।

**সিদ্ধান্তঃ ০৪** মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১১-দিনাজপুর-৬ কর্তৃক কোন সুপারিশ ও নির্দেশনা পাওয়া গেলে যথাসময়ে উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।

## বিভাগীয় আলোচনা

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনা ০৫ উপজেলা কৃষি দপ্তর | উপজেলা কৃষি কর্মকর্তা, বিরামপুর দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কাজ স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, ২০২১-২০২২ অর্থবছরে বোরো ধান উৎপাদনের লক্ষমাত্রা ১৫১০০ হেক্টর এবং অর্জন ১৫২০০ হেক্টর। হাইব্রীড-৩৮২০ হেক্টর ও উফসী-১১,৩৮০ হেক্টর। রবি ফসলের মধ্যে আলুর লক্ষ্যমাত্রা-১৬৫০ হেক্টর ও অর্জন-১৭০৫ (ফলন ২৩ টন/হেক্টর) যদিও বৃষ্টির কারণে আলুর ক্ষতি হয়েছে তবে তাৎক্ষণিকভাবে পরামর্শ প্রদান করায় কৃষকের কোন অভিযোগ নেই। একইভাবে সরিষার লক্ষ্যমাত্রা-১০১০ ও অর্জন-১১০২ (ফলন ১.৪ টন/হেক্টর), ভুট্টার লক্ষ্যমাত্রা-১৫৫০ অর্জন-১৬৯০ হেক্টর এবং শাকসবজির লক্ষ্যমাত্রা-১২০৫ ও অর্জন-১২৮০ হেক্টর। মূল্য বেশী হওয়ায় কৃষকগণ খুশী হলেও ভোক্তা পর্যায়ে সমস্যা হয়েছে। যদিও গম উৎপাদনে অনেক ঝামেলার কারণে কৃষকগণ গম উৎপাদন করতে চান না তথাপী গমের লক্ষ্যমাত্রা-১২৫ হেক্টর হলেও অর্জন-১২৭ হেক্টর। গ্রীষ্মকালীন পেয়াজের উৎপাদন ভাল হয়েছে। পেয়াজের লক্ষ্যমাত্রা-১০০ হেক্টর ও অর্জন-১০৫ হেক্টর, মরিচের লক্ষ্যমাত্রা ও অর্জন-৫০ হেক্টর। তিনি আরও জানান যে, সমলয় পদ্ধতিতে ৫০ (পঞ্চাশ) একর জমিতে ট্রেতে বীজতলা তৈরী ও যন্ত্রের মাধ্যমে চারা রোপন করা হয়েছে। মাঠের বর্তমান অবস্থা ভাল আছে। সার্বক্ষণিক পরামর্শ প্রদান অব্যাহত রয়েছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা কৃষি কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ৬ উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা দপ্তর | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বিরামপুরের প্রতিনিধি সভায় জানান যে, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, বিরামপুরের চিকিৎসা কার্যক্রম যথারীতি চলছে। তিনি আরও জানান যে, আগামী ২৬ ফেব্রুয়ারি ২০২২ তারিখ দেশব্যাপী ১ম ডোজ গণটিকা প্রদান করা হবে। ১৮+ বয়সী ১,১৮,৪৭০ জনকে ১ম ডোজ টিকা দেয়া হয়েছে। ১৫,০০০ জন ১ম ডোজ পায়নি। তিনি আরও বলেন যে, ২৪.০২.২০২২ তারিখে কেটরাহাটে এবং ২৫.০২.২০২২ তারিখে কাটলাহাটে মোবাইল টিকা কেন্দ্রের মাধ্যমে ১ম ডোজ টিকা প্রদান করা হবে। কোন রেজিস্ট্রেশন লাগবে না। ১০০% ভাগ টিকা প্রদান সফল করার জন্য তিনি ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানসহ সকলের সহযোগিতা কামনা করেন। বিরামপুর উপজেলা এখনও দিনাজপুর জেলার মধ্যে ১ম স্থানে রয়েছে। সকলের সহযোগিতায় তিনি এ সফলতা ধরে রাখার প্রত্যয় ব্যক্ত করেন।<br>উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর ২৬.০২.২০২২ তারিখের মধ্যে লক্ষ্য পূরণ করতেই হবে মর্মে প্রত্যাশা ব্যক্ত করেন। কেউ যদি টিকা কেন্দ্রে এসে টিকা না নিতে পারেন সে ক্ষেত্রে প্রয়োজনে তার বাসায় গিয়ে টিকা দিয়ে আসতে হবে। ব্যাপক প্রচারণার লক্ষ্যে টিকা কেন্দ্রের তালিকা ইসলামিক ফাউন্ডেশনের মাধ্যমে ইমামগণের নিকট এবং ভারপ্রাপ্ত কর্মকর্তা, বিরামপুর থানাকে দেয়ার জন্য অনুরোধ করা হয়। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>২. বাদ পড়া শিক্ষার্থীদের দ্রুত টিকা নেয়ার জন্য পুনরায় অনুরোধ করা হয়।<br><br>৩. টিকা কেন্দ্রের তালিকা ইসলামিক ফাউন্ডেশনের মাধ্যমে ইমামগণের নিকট জুম্মার দিন জুমার নামাজের খুৎবায় ব্যাপক প্রচারের জন্য এবং ভারপ্রাপ্ত কর্মকর্তা, বিরামপুর থানাকেও ব্যাপক প্রচারের জন্য দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বিরামপুর।<br><br>২. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ও উপজেলা শিক্ষা অফিসার বিরামপুর।<br><br>৩.উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ৭ উপজেলা প্রাণিসম্পদ দপ্তর | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর জানান যে, তিনি এ উপজেলায় ০৮.০২.২০২২ তারিখে যোগদান করেছেন। এটি তার ১ম সভা। তিনি সকলের সাথে পরিচিত হন এবং সহযোগিতা কামনা করেন। তিনি সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, ১৬.০২.২০২২ তারিখে শেখ রাসেল মিনি স্টেডিয়ামে প্রাণিসম্পদ মেলা হয়েছে। ব্যাপক সাড়া পেয়েছেন। নবাগত হওয়ায় এবং সময় স্বল্পতার কারণে তিনি কর্মকর্তা, ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও সাংবাদিকসহ অন্যান্যদের সাথে যোগাযোগ করতে না পারায় দুঃখ প্রকাশ করেন এবং আগামীতে আরও ভালভাবে মেলা করার প্রত্যাশা ব্যক্ত করেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>২. সভার পক্ষ থেকে তাকে অভিনন্দন ও স্বাগত জানানো হয়। | ১. উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, বিরামপুর। |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | গত এক মাসে ২,১৫১টি গবাদি পশুর, ৫০৬৪টি হাঁস-মুরগীর চিকিৎসা প্রদান করা হয়েছে। কৃত্রিম প্রজনন ৪২০ মাত্রা এবং শংকর জাতের বাচ্চা উৎপাদন হয়েছে ১৬০টি। গবাদি প্রাণির টিকা প্রদান করা হয়েছে ১৬০ মাত্রা, হাঁস-মুরগীর টিকা প্রদান করা হয়েছে ১৫০০০ মাত্রা। ৭৫ জন খামারীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে এবং ১টি ফ্রি ভেটেরিনারি মেডিকেল ক্যাম্প করা হয়েছে। | | |
| আলোচনাঃ ৮<br>উপজেলা মৎস্য দপ্তর | উপজেলা মৎস্য কর্মকর্তা বিরামপুর, দিনাজপুরের প্রতিনিধি সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, ১-৯ ইঞ্চি বা ২৩ সেমিকে জাটকা হিসেবে চিহ্নিত করা হয়। জাটকা ক্রয় ও বিক্রয় করা যাবে না মর্মে ৩০ জুন ২০২২ পর্যন্ত মনিটরিং অব্যাহত আছে। এ উপজেলায় জাটকা পাওয়া যায়নি। সার্টিফিকেট মামলা নিষ্পত্তির লক্ষ্যে খাতকদের ঋণ পরিশোধ করার জন্য যোগাযোগ করা হয়েছে। আগামী ০৯.০৩.২০২২ খ্রি. তারিখ মামলার ধার্য তারিখ রয়েছে তারা ধার্য তারিখে উপস্থিত হবেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>২. যে যে দপ্তরের সার্টিফিকেট মামলা আছে সে সে দপ্তরকে সার্টিফিকেট মামলা নিষ্পত্তিতে আরও দায়িত্বশীল হওয়ার জন্য অনুরোধ করা হলো। | ১. উপজেলা মৎস্য কর্মকর্তা, বিরামপুর।<br><br>২. সংশ্লিষ্ট সকল। |
| আলোচনাঃ ৯<br>দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ | জনাব মোঃ শহীদ উদ্দিন জেনারেল ম্যানেজার হিসেবে দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এ সদ্য যোগদান করেছেন। তিনি সকলের সাথে পরিচিত হন এবং সকলের সহযোগিতা কামনা করেন। মাননীয় প্রধানমন্ত্রীর উপহার একক গৃহে বিদ্যুৎ দেয়া হবে তবে ইরি মৌসুমের ব্যস্ততার কারণে সময়ের প্রয়োজন। যে সমস্ত গৃহে সংযোগ প্রদান করা হয়নি সেগুলোতে সংযোগ প্রদান করা হবে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. অবশিষ্ট গৃহে দ্রুত সংযোগ প্রদানের জন্য অনুরোধ করা হয়। | ১. জেনারেল ম্যানেজার দিপবিস-২ বিরামপুর। |
| আলোচনাঃ ১০<br>উপজেলা প্রকৌশল দপ্তর | উপজেলা প্রকৌশলী, বিরামপুর, দিনাজপুর বা তার প্রতিনিধি সভায় জানান যে, উপজেলা প্রকৌশলী, বিরামপুর দাপ্তরিক কাজে বাহিরে রয়েছেন। তিনি বৃষ্টি কর্মকার প্রথম পদায়ন এ উপজেলায়। ০৬.০২.২০২২ তারিখে উপ-সহকারী প্রকৌশলী (নক্সাকার) হিসেবে যোগদান করেছেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা প্রকৌশলী বিরামপুর, দিনাজপুর। |
| আলোচনাঃ ১১<br>বাংলাদেশ কৃষি উন্নয়নকর্পোরেশন BADC (সেচ) | উপ-সহকারী প্রকৌশলী (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন BADC (সেচ), বিরামপুর, দিনাজপুর সভায় অনুপস্থিত থাকায় উক্ত দপ্তর সম্পর্কে কোন তথ্য পাওয়া গেল না। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১.সহকারী প্রকৌশলী BADC (সেচ) বিরামপুর। |
| আলোচনাঃ ১২<br>বিরামপুর থানা | অফিসার ইনচার্জ, বিরামপুর থানা, দিনাজপুর সভায় জানান যে, নিয়মিত কার্যক্রম যথারীতি চলছে। আইন-শৃঙ্খলা পরিস্থিতি ভাল। তিনি সকলের দৃষ্টি আকর্ষণ করে জানান যে, পুলিশের নাম করে প্রতারক চক্র বাচ্চাদের জিম্মি করে বিকাশের মাধ্যমে টাকা হাতিয়ে নিচ্ছে। এমনকি অতিরিক্ত জেলা প্রশাসক পরিচয় দিয়েও প্রতারণা করছে। তিনি সবাইকে সতর্ক থাকার অনুরোধ জানান। তিনি ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণের উদ্দেশ্যে বলেন যে, ছোট ছোট সমস্যা নিয়ে লোকজন থানায় আসছেন। যেগুলো স্থানীয়ভাবে সমাধান করা যায়। এর ফলে মূল কাজে ব্যাঘাত ঘটছে। তিনি চেয়ারম্যানগণকে স্থানীয়ভাবে সমাধান করে দেয়ার জন্য অনুরোধ জানান। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. অফিসার ইনচার্জ বিরামপুর থানা |
| আলোচনাঃ ১৩<br>উপজেলা শিক্ষা দপ্তর | উপজেলা শিক্ষা অফিসার, বিরামপুর সভায় জানান যে, দাপ্তরিক কাজ গতিশীল ও স্বাভাবিক কার্যক্রম চলমান রয়েছে। আগামী ০২.০৩.২০২২ খ্রি. তারিখ সকল প্রাথমিক শিক্ষা প্রতিষ্ঠান খোলা এবং পাঠদান কার্যক্রম চালু হবে। পাঠ পরিকল্পনা মোতাবেক স্ব-স্ব প্রতিষ্ঠানে স্বাস্থ্যবিধি মেনে কার্যক্রম পরিচালনা করার নির্দেশনা প্রদান করা হয়েছে। বিদ্যালয়গুলোর উন্নয়নমূলক কাজ নিয়মিত মনিটরিং করা হচ্ছে। বিদ্যালয়গুলো খোলা হলে পরিদর্শন জোরদারকরণ করা হবে। তিনি আরও জানান যে ৭ জন শিক্ষক ছোট বাচ্চা থাকার কারণে ১ম ডোজ টিকা নেননি তারা টিকা নিবেন। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১.উপজেলা শিক্ষা অফিসার, বিরামপুর। |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ১৪<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা দপ্তর | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বিরামপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি সভায় আরও জানান যে, সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম চলছে। শীতকালীন খেলাধূলা ২৭ ও ২৮ ফেব্রুয়ারি ২০২২ তারিখে শেষ হবে। করোনার কারণে খেলাধূলা বন্ধ ছিল। শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে এ্যাসাইনমেন্ট কার্যক্রম, শিক্ষা প্রতিষ্ঠানের অনলাইনে পাঠদান, শিক্ষার্থীদের ইউনিক আইডি প্রদানের কার্যক্রম, মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক ও স্নাতক পর্যায়ের উপবৃত্তির কার্যক্রম চলমান রয়েছে। শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন যথারীতি চলছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার বিরামপুর। |
| আলোচনাঃ ১৫<br>উপজেলা সমাজসেবা দপ্তর | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। পরিচালক, সমাজসেবা অধিদপ্তর, দিনাজপুর আজ পরিদর্শনে আসছেন। তিনি আরও জানান যে, সকল ভাতা ১০০ ভাগে পে-রোল হয়েছে। বয়স্ক ভাতা ১০০% হয়নি তবে কাজ চলছে। রোগী কল্যাণ সমিতির কার্যক্রমও চলছে। যৌথ স্বাক্ষরে টাকা উত্তোলন করতে হয়। সমিতির কার্যক্রম সম্পন্ন না হওয়ায় টাকা উত্তোলন করতে না পারার কারণে ঔষধের দোকানে বাকী রয়েছে।<br>এ পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর ভিক্ষুকদের পুনর্বানের লক্ষ্যে একটি পরিকল্পনা প্রণয়নের জন্য প্রকৃত ভিক্ষুকের তালিকা করার জন্য তিনি অনুরোধ জানান। উপজেলা সমাজসেবা কর্মকর্তা প্রকৃত ভিক্ষকদের তালিকা করার জন্য ইউনিয়ন পরিসদের চেয়ারম্যানগণের সহযোগিতা কামনা করেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. প্রকৃত ভিক্ষুকের তালিকা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা সমাজসেবা কর্মকর্তা, বিরামপুর।<br>২. চেয়ারম্যান ( সকল ) ইউনিয়ন পরিষদ বিরামপুর। |
| আলোচনাঃ ১৬<br>উপজেলা পল্লী উন্নয়ন দপ্তর | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, নিশিবাপুর গভীর নলকূপ নিয়ে সমস্যার সমাধান হচ্ছে না। মামলা না উঠানো পর্যন্ত সমস্যার সমাধান হওয়ার সম্ভাবনা নেই। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. মামলার বিষয়ে খোঁজখবর নেয়ার জন্য অনুরোধ করা হয়। | ১. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিরামপুর |
| আলোচনাঃ ১৭<br>উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ভিজিডি'র ২৫৪ জনের মধ্যে ২৩৪ জনের ব্যাংক হিসাব খোলা হয়েছে অবশিষ্ট ২০ জনের হিসাব খোলা হয়নি। উদ্যোক্তারা হাতে টাকা রেখেছে। হাতে জমাকৃত অর্থ দ্রুত জমা করার জন্য তিনি অনুরোধ জানান। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. নামসহ ইউনিয়নওয়ারী তালিকা দাখিল করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৩. প্রতিমাসে টাকা জমা করা হচ্ছে কিনা তা তদারক করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বিরামপুর<br>২. চেয়ারম্যান (সকল) ইউনিয়ন পরিষদ।<br>৩. চেয়ারম্যান (সকল) ইউনিয়ন পরিষদ। |
| আলোচনাঃ ১৮<br>উপজেলা হিসাবরক্ষণ দপ্তর | উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, বিরামপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ১৯<br>তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর | সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, বিরামপুর সভায় জানান দাপ্তরিক কাজ স্বাভাবিকভাবে চলছে। তিনি সভায় উল্লেখ করেন যে, অনেক দপ্তরের ওয়েব পোর্টাল ১০০% নেই। তিনি সংশ্লিষ্ট সকল দপ্তর প্রধানকে ওয়েব পোর্টাল হালনাগাদ করার জন্য অনুরোধ জানান। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. জরুরীভিত্তিতে ওয়েব পোর্টাল হালনাগাদ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. সহকারী প্রোগ্রামার তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, বিরামপুর।<br>২. স্ব স্ব দপ্তর প্রধান। |
| আলোচনাঃ ২০<br>উপজেলা যুব উন্নয়ন দপ্তর | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, বিরামপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ২০২১-২০২২ অর্থ বছরে অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ কোর্স শুরু হয়েছে। চলতি মাসসহ এ পর্যন্ত ১১টি ব্যাচে মোট ৩৩০ (তিনশত ত্রিশ) জন বেকার যুব ও যুব মহিলাকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।<br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, বিরামপুর আরও জানান যে, ক্রমপুঞ্জিভূত ঋণ বিতরণ করা হয়েছে =২,৫৬,৫৬,০০০/- (দুই কোটি ছাপ্পান্ন লক্ষ ছাপ্পান্ন হাজার) টাকা। আদায়যোগ্য টাকার পরিমান সর্বমোট=২,১৯,৩০,৪২৫/-(দুই কোটি উনিশ লক্ষ ত্রিশ | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুরকে আবেদন করার জন্য পরামর্শ প্রদান করা হয়। | ১. উপজেলা যুব উন্নয়ন অফিসার, বিরামপুর। |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | হাজার চারশত পঁচিশ) টাকা। আদায়কৃত টাকার পরিমান মোট=১,৯৭,১২,৬৮৭/-(এক কোটি সাতানব্বই লক্ষ বার হাজার ছয়শত সাতাশি) টাকা এবং আদায় হার শতকরা ৯০%। উপজেলা যুব প্রশিক্ষণ ও বিনোদন কেন্দ্র স্থাপনের জন্য ৫০ (পঞ্চাশ) শতক জমি প্রদানের জন্য তিনি পুনরায় প্রস্তাব করেন। | | |
| আলোচনাঃ ২১ উপজেলা পরিবার পরিকল্পনা দপ্তর | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় অনুপস্থিত থাকায় উক্ত দপ্তর সম্পর্কে কোন তথ্য পাওয়া গেল না। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা বিরামপুর। |
| আলোচনাঃ ২২ জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর, বিরামপুর দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, গৃহহীন ও ভূমিহীনদের এককগৃহের ওয়াশব্লকের কাজ মার্চ ২০২২ মাসে শুরু করা হবে। অন্যান্য ওয়াশব্লকের কাজ চলছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), বিরামপুর। |
| আলোচনাঃ ২৩ উপজেলা ত্রাণ দপ্তর | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, বিরামপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ৪০ দিনের কর্মসূচির কার্যক্রম ২৮.০২.২০২২ তারিখ পর্যন্ত চলবে। বরাদ্দ চেয়ে পত্র প্রেরণ করা হয়েছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা বিরামপুর |
| আলোচনাঃ ২৪ উপজেলা পরিসংখ্যান দপ্তর | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর বা তার প্রতিনিধি জানান যে, দাপ্তরিক কাজ স্বাভাবিকভাবে চলছে। ২৭ ফেব্রুয়ারি ২০২২ তারিখে জেলা পর্যায়ে জাতীয় পরিসংখ্যান দিবস পালিত হবে। উপজেলা পর্যায়ে এ বিষয়ে কোন কার্যক্রম নেই। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ২৫ উপজেলা সমবায় দপ্তর | উপজেলা সমবায় কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর বা তার প্রতিনিধি অনুপস্থিত থাকায় উক্ত দপ্তর সম্পর্কে কোন তথ্য পাওয়া গেল না। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | ১. উপজেলা সমবায় কর্মকর্তা বিরামপুর, দিনাজপুর |
| আলোচনাঃ ২৬ বন বিভাগ | রেঞ্জ কর্মকর্তা, চরকাই রেঞ্জ, বিরামপুর সভায় বা তার প্রতিনিধি অনুপস্থিত থাকায় উক্ত দপ্তর সম্পর্কে কোন তথ্য পাওয়া গেল না। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | ১. রেঞ্জ কর্মকর্তা, চরকাই রেঞ্জ, বিরামপুর। |
| আলোচনাঃ ২৭ উপজেলা নির্বাচন দপ্তর | উপজেলা নির্বাচন কর্মকর্তা, বিরামপুর অনুপস্থিত থাকায় উক্ত দপ্তর সম্পর্কে কোন তথ্য পাওয়া গেল না। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | ১. উপজেলা নির্বাচন কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ২৮ উপজেলা রিসোর্স সেন্টার প্রাথমিক শিক্ষা | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, বিরামপুর, দিনাজপুর সভায় অনুপস্থিত থাকায় উক্ত দপ্তর সম্পর্কে কোন তথ্য পাওয়া গেল না। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | ১. ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার বিরামপুর |
| আলোচনাঃ ২৯ শাখা ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক বিরামপুর শাখা | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, বিরামপুর শাখা, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ২,০০,০০,০০০/-(দুই কোটি) টাকা ঋণ বিতরণ করা হয়েছে আদায়ও হয়েছে। বকেয়া আদায় হয়েছে ৯৬,০০,০০০/-(ছিয়ানব্বই লক্ষ) টাকা অনাদায়ী রয়েছে ২.০০.০০.০০০/-(দুই কোটি) টাকা। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. ঋণ আদায়ে তৎপরতা বৃদ্ধি করাসহ ছক আকারে ঋণের বিস্তারিত তথ্য প্রদানের জন্য অনুরোধ করা হয়। | ১. শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, বিরামপুর শাখা |
| আলোচনাঃ ৩০ পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন | উপজেলা দারিদ্র বিমোচন ফাউন্ডেশন কর্মকর্তা, বিরামপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রয়েছে। ক্ষুদ্র ঋণ আদায়ের হার কম তবে ব্যবসায়ী ঋণ আদায় ভাল হচ্ছে। প্রায় ২৪,০০,০০০/-(চব্বিশ লক্ষ) টাকা আদায় হয়েছে। | ১. ঋণ আদায়ে সরকারি নির্দেশনা মেনে আদায় করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা দারিদ্র বিমোচন ফাউন্ডেশন কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর। |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ৪০<br>পলিপ্রয়াগপুর ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, পলিপ্রয়াগপুর ইউনিয়ন পরিষদ, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, পলিপ্রয়াগপুর ইউনিয়ন পরিষদ বিরামপুর। |
| আলোচনাঃ ৪১<br>সংরক্ষিত সদস্য | সংরক্ষিত আসনের ৩ জন সদস্যে অনুপস্থিত থাকায় তাদের কোন বক্তব্য পাওয়া গেল না। | ১. সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | ১. সংরক্ষিত আসনের সদস্যবৃন্দ। |
| আলোচনাঃ ৪২<br>ভাইস-চেয়ারম্যান (মহিলা) উপজেলা পরিষদ বিরামপুর। | ভাইস-চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, বিরামপুর সভায় জানান যে, ২৩.০২.২০২২ তারিখে নারী ফোরামের কমিটি গঠিত হয়েছে। তিনি সভায় জানান যে, বিরামপুর উপজেলায় নারী ফোরামের জন্য বরাদ্দকৃত ৩% অর্থে প্রকল্প নেয়া হয় না। তিনি প্রকল্প নেয়ার জন্য অনুরোধ জানান।<br>এ পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর ধন্যবাদ জানিয়ে জানান যে, এডিপি থেকে প্রকল্প গ্রহণ করা হয়েছে। | এডিপি থেকে প্রকল্প গ্রহণ করা হয়েছে। | সংশ্লিষ্ট কমিটি। |
| আলোচনাঃ ৪৩<br>মেয়র, বিরামপুর পৌরসভা | মেয়র, বিরামপুর পৌরসভা সবাইকে শুভেচ্ছা সভায় জানান যে, বিরামপুর পৌরসভার নিয়মিত কার্যক্রম চলমান রয়েছে। তিনি আরও জানান যে, ২১ ফেব্রুয়ারি ২০২২ মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষ্যে ৫ দিন ব্যাপী বইমেলা চলছে। করোনা টিকা প্রদানের স্বার্থে শনিবার পর্যন্ত মেলার সময় বৃদ্ধি করা হয়েছে। সবাইকে আমন্ত্রণ জানান। তিনি আরও জানান যে, ১ম ডোজ টিকা গ্রহণ না করলে সরকারি কোন সেবা পাওয়া যাবে না মর্মে পৌরসভার পাড়া, মহল্লা ও ওয়ার্ড পর্যায়ে ব্যাপক প্রচারনা চালানো হচ্ছে।এতে মানুষের মধ্যে সচেতনতা বৃদ্ধি পেয়েছে এবং মানুষ টিকা নিচ্ছে। প্রয়োজনে বাড়িতে গিয়ে টিকা প্রদান করারও ব্যবস্থা নেয়া হয়েছে। মাননীয় প্রধানমন্ত্রী সার্বিক নির্দেশনা বাস্তবায়নে এ কাজে তার সাথে ওয়ার্ড কমিশনারসহ স্টাফরা নিরলসভাবে কাজ করে যাচ্ছেন।<br>টিসিবি'র মাধ্যমে পন্য বিক্রয়ের বিষয়ে বলেন যে, রমজান মাসের পবিত্রতা রক্ষায় পন্য ক্রয় ক্ষমতার মধ্যে রাখার লক্ষ্যে টিসিবি'র মাধ্যমে সাধারণ মানুষের কাছে পণ্য পৌঁছে দেয়ার জন্য উদ্যোগ গ্রহণ করা হয়েছে। যারা এ পণ্য ক্রয় করতে পারবে তাদের নাম তালিকাভুক্ত করার পাশাপাশি নিম্নমধ্যবিত্তদের এ তালিকায় অন্তর্ভুক্ত করার জন্য তিনি অনুরোধ করেন। তিনি জানান নিম্নমধ্যবিত্তরা কারও কাছে সমস্যার কথা বলতেও পারে না সহযোগিতাও পায় না। ফলে তারা কষ্টে দিনাতিপাত করে থাকে।<br>ওএমএস এর চাল ও আটা বিতরণে মনিটরিং বাড়ানোর জন্য তিনি উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, বিরামপুরের দৃষ্টি আকর্ষণ করেন। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. ২৬.০২.২০২২ তারিখের মধ্যে ১ম ডোজ টিকা নেননি এমন জনগণের টিকা প্রদান নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>এ বিষয়ে ব্যাপক প্রচারনা চালানোর জন্য মেয়র, বিরামপুর পৌরসভাসহ সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয়।<br>৩. প্রকৃতপক্ষে যারা পাওয়ারযোগ্য তাদেরকে টিসিবি'র তালিকাভুক্ত করারও সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৪. ওএমএস এর চাল ও আটা বিতরণে মনিটরিং বাড়ানোর জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, বিরামপুরসহ ট্যাগ অফিসারদের অনুরোধ করা হয়। | ১. মেয়র, বিরামপুর পৌরসভা, দিনাজপুর<br>২. চেয়ারম্যান (সকল) ইউনিয়ন পরিষদ,বিরামপুর।<br>৩. মেয়র, বিরামপুর পৌরসভা ও চেয়ারম্যান (সকল) ইউপি।<br>৪. উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, বিরামপুরসহ সংশ্লিষ্ট ট্যাগ অফিসার। |
| আলোচনাঃ ৪৪<br>বিবিধ | উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর সভায় জানান যে, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-১ শাখার স্মারক নং-৪৬.০০.০০০০.০৪৬.১৮.০১১.১৫.১২ তারিখঃ ১০.০১.২০২২ খ্রি. পত্রে উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থায়নে উপজেলা পরিষদ চেয়ারম্যানের অফিস কক্ষ, উপজেলা প্রকৌশলীর অফিস কক্ষ এবং উপজেলা পরিষদের সভাকক্ষ ইন্টেরিয়র ডিজাইনে সজ্জিতকরণের প্রশাসনিক অনুমোদন প্রদান করা হয়। প্রস্তাবিত ৯,৯১,৯৯৭/-(নয় লক্ষ একানব্বই হাজার নয় শত সাতানব্বই) টাকার মধ্যে ব্যয় সীমাবদ্ধ রেখে পিপিএ ২০০৬, পিপিআর ২০০৮ এবং এ সংক্রান্ত বিধি বিধান /নির্দেশনা যথাযথ অনুসরণ করে বর্ণিত প্রকল্প বাস্তবায়নের প্রশাসনিক অনুমোদন প্রদান করা হয়েছে। তিনি এ সভায় অনুমোদিত এ প্রকল্পের কাজ শুরু করার লক্ষ্যে উপজেলা পরিষদ সাধারণ সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করেন। | ১. প্রস্তাবিত ৯,৯১,৯৯৭/-(নয় লক্ষ একানব্বই হাজার নয় শত সাতানব্বই) টাকার মধ্যে ব্যয় সীমাবদ্ধ রেখে পিপিএ ২০০৬, পিপিআর ২০০৮ এবং এ সংক্রান্ত বিধি বিধান /নির্দেশনা যথাযথ অনুসরণ করে বর্ণিত প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে এ সভায় অনুমোদন প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। প্রকল্পটি কোটেশনের (RFQ) মাধ্যমে ২৩.১১.২০২১ তারিখে অনুষ্ঠিত উপজেলা পরিষদ সাধারণ সভায় অনুমোদিত কোটেশন মূল্যায়ন কমিটি কর্তৃক বাস্তবায়নেরও সিদ্ধান্ত গৃহীত হয়।<br>এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, বিরামপুরকে অনুরোধ করা হয়। | ১. উপজেলা প্রকৌশলী বিরামপুর, দিনাজপুর। |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ৪৪ বিবিধ | খ. উপজেলা প্রকৌশলী, বিরামপুর সভায় জানান যে, উপ-সহকারী প্রকৌশলীর টয়লেটের দরোজা নষ্ট হওয়ায় পুনঃ স্থাপন করা হয়েছে। এতে ব্যয় হয়েছে ৫,৬০০/- টাকা, লো ডাউন পিলার কর্ক বাবদ ব্যয় হয়েছে ৬,৭০০/- টাকা এবং সেপটি ট্যাংক পরিস্কার বাবদ ব্যয় হয়েছে ৩,৫০০/- টাকা সর্বমোট ১৫,৮০০/-(পনেরো হাজার আটশত) টাকা মাত্র হওয়ায় তা অনুমোদনের জন্য তিনি সভায় প্রস্তাব করেন। | খ. বর্ণিত কাজের ব্যয় বাবদ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে =১৫,৮০০/- (পনেরো হাজার আট শত) টাকা মাত্র পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | খ. চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার বিরামপুর। |

৪৭. উপজেলা পরিষদের নিম্নোক্ত ব্যয়গুলো অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়।

**জানুয়ারি/২০২১ মাসের ব্যয়**

| ক্রমিক | ব্যয়ের বিবরণ | টাকার পরিমান |
|---|---|---|
| ০১ | চেয়ারম্যান, উপজেলা পরিষদের জানুয়ারি/২০২২ মাসের সম্মানীভাতা ও বাসা ভাড়া এবং ভ্রমণভাতা প্রদান | =৫৩,১২৫/- |
| ০২ | ভাইস-চেয়ারম্যান ও ভাইস-চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদের জানুয়ারি/২০২২ মাসের সম্মানীভাতা এবং ভ্রমণভাতা প্রদান | =৬৭,০০০/- |
| ০৩ | উপজেলা পরিষদ ২ জন কর্মচারীদের জানুয়ারি/২০২২ মাসের ৩০ দিনের দৈনিক মজুরী ৫৫০/- টাকা হারে মজুরী প্রদান। ( ১৬,৫০০+১৬,৫০০=৩৩,০০০/-) | =৩৩,০০০/- |
| ০৪ | জানুয়ারি/২০২২ আপ্যায়ন ব্যয় (ভ্যাট ও আয়করসহ) | =৩০,০০০/- |
| ০৫ | জানুয়ারি/২০২২ আনুষঙ্গিক ব্যয় (ভ্যাট ও আয়করসহ) | =৫,০০০/- |
| ০৬ | জানুয়ারি/২০২২ মাসের বিদ্যুৎ বিল প্রদান | =১৫,২০০/- |
| ০৭ | অক্টোবর-ডিসেম্বর/২০২১ পর্যন্ত ৩মাসের জ্বালানীর তেলের বিল প্রদান | =৭৪,৬৯১/- |
| ০৮ | অক্টোবর-ডিসেম্বর/২০২১ পর্যন্ত ৩মাসের জ্বালানীর তেলের বিলের উপর ৫% ভ্যাট প্রদান | =৩,৭৩৪/- |

সভায় বিস্তারিত আলোচনান্তে উপস্থাপিত ব্যয়গুলো অনুমোদন দেয়া হয়।

সভাপতি আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সবাইকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

28/2/22

মোঃ খায়রুল আলম
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সাধারণ সভা
বিরামপুর, দিনাজপুর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বিরামপুর, দিনাজপুর
birampur.dinajpur.gov.bd

স্মারক নং-০৫.৫৫.২৭১০.০০০.০৮.০৪৮.২২.২৮৮/১(৫০) তারিখঃ ০৮.০৩.২০২২ খ্রি.

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো **(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-**

০১. মাননীয় জাতীয় সংসদ সদস্য ১১ দিনাজপুর-৬।

০২. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৩. পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।

০৪ জেলা প্রশাসক, দিনাজপুর।

০৫. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরামপুর, দিনাজপুর।

০৬. মেয়র, বিরামপুর পৌরসভা, বিরামপুর, দিনাজপুর।

০৭. জনাব ............................................সদস্য/সদস্যা, জেলা পরিষদ, দিনাজপুর

০৮. ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরামপুর, দিনাজপুর।

০৯. উপজেলা..............................................................................অফিসার, বিরামপুর, দিনাজপুর।

১০. চেয়ারম্যান, ................................................................, ইউনিয়ন পরিষদ (সকল), বিরামপুর, দিনাজপুর।

১১. জনাব .............................................................. মহিলা সদস্য, উপজেলা পরিষদ, বিরামপুর, দিনাজপুর।

পরিমল কুমার সরকার
উপজেলা নির্বাহী অফিসার
ও
সদস্য সচিব
উপজেলা পরিষদ
বিরামপুর, দিনাজপুর।
ফোন ঃ ০৫৩২২-৫৬৪০১ (অফিস)
e-mail : unobirampur@mopa.gov.bd